গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনেল-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০. ১০৯.১১.০৩৮.২৩.৭০১

তারিখ: ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

বিষয়: শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা এর জন্য ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ অর্থবছরে আউটসোর্সিং প্রক্রিয়ায় নতুন সেবাকর্মীর সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: ০১. স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর-৫৯.১৪.০০০০.০০০.১০২.১৮.০০০১.২৫.৪২৪, তারিখ: ১৫.০৩.২০২৬ খ্রি.;
০২. অর্থ বিভাগের স্মারক নম্বর-০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০৫৭.২৩.৪৮৯, তারিখ: ১৫.১০.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা এর জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ (সংশোধিত) এর ৫ (ক) (২) অনুচ্ছেদ অনুযায়ী ছকে বর্ণিত ১০ (দশ) জন সেবাকর্মীর সেবা ২০২৬-২০২৭ অর্থবছরে বাজেটে বরাদ্দকৃত টাকা হতে ০১.১০.২০২৬ খ্রি. হতে ৩০.০৬.২০২৮ খ্রি. পর্যন্ত ক্রয়ের বিষয়ে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো:

ক্রম	সেবাকর্মীর ধরণ	সেবাকর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
০১.	ইলেকট্রিশিয়ান	০১	ক্যাটাগরি-১
০২.	সহকারী বাবুর্চি	০১	ক্যাটাগরি-৫
০৩.	টেবিল বয়	০২	
০৪.	ডোম	০১	
০৫.	পরিচ্ছন্নতা কর্মী	০৫	
	মোট=	১০ (দশ)	--

শর্তাবলী:

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর তপশিল-'খ' অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;

(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় ক্রয়কৃত সেবামূল্য সেবা ক্রয়কারী কর্তৃক সেবাকর্মীর নিজ নামীয় ব্যাংক হিসাব/MFS (Mobile Financial Service) এর মাধ্যমে ব্যাংকিং চ্যানেলে প্রদেয় হবে;

(গ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ঘ) আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতা কর্মী-এর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;

(ঙ) বিশেষায়িত সরকারি প্রতিষ্ঠান/ব্যক্তির সঙ্গে যে সেবার জন্য চুক্তিবদ্ধ হবে, তা ব্যতীত অন্য কোনো সেবায় নিয়োজিত কর যাবে না;

(চ) অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না;

(ছ) এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০.০৬.২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে;

(জ) সেবাকর্মীর জাতীয় পেনশন কর্তৃপক্ষের অধীনে পরিচালিত সর্বজনীন পেনশন স্কিমের অন্তর্ভুক্ত হতে হবে;

(ঝ) সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের ও স্বল্পতম সময়ে মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে যেসব সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে সেসব সেবার বিপরীতে ইতোপূর্বে সৃজিত রাজস্বখাতে শূন্য হওয়া পদসমূহ বিলুপ্তি ঘোষণার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঞ) পরবর্তী মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এই অনুমোদন শেষের কমপক্ষে তিন মাস পূর্বে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং উপর্যুক্ত শর্তসমূহ প্রতিপালিত হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে; এবং

(ট) জনবল পূরণের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১২/১১/২০২৬

মুহাঃ আখতারুজ্জামান
উপসচিব
ফোন-৫৫১০০৭৯৫
mail-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা

নম্বর: ৫৯.০০.০০০০. ১০৯.১১.০৩৮.২৩.৭০১

তারিখ: ১২. ১১. ২০২৬ খ্রি.

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সরকারি আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. যুগ্মসচিব (পারসোনেল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. অফিস কপি

১২/১১/২০২৬

মুহাঃ আখতারুজ্জামান
উপসচিব